# সংযুক্ত আরব আমিরাতের সঙ্গে কূটনৈতিক সম্পর্ক ছিন্ন করল আলজেরিয়া



ছবি: সংগৃহীত

‘উসকানিমূলক ও বৈরী আচরণের’ অভিযোগ তুলে সংযুক্ত আরব আমিরাতের (ইউএই) সঙ্গে কূটনৈতিক সম্পর্ক ছিন্ন করার ঘোষণা দিয়েছে আলজেরিয়া। দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয় এক বিবৃতিতে এ সিদ্ধান্তের কথা জানিয়েছে।

বিবৃতিতে বলা হয়, ইউএইর কর্মকাণ্ড নিয়ে দেশটিকে বারবার সতর্ক করেছে আলজেরিয়া। তাদের ‘দুঃখজনক ও অযৌক্তিক’ আচরণ গুরুতর পরিণতি ডেকে আনতে পারে বলেও আগেই সতর্ক করা হয়েছিল। তবে সম্পর্ক ছিন্নের সুনির্দিষ্ট কারণ বিবৃতিতে উল্লেখ করা হয়নি।

সাম্প্রতিক বছরগুলোতে বিভিন্ন আঞ্চলিক ইস্যু ও বিরোধকে কেন্দ্র করে আলজেরিয়া ও ইউএইর সম্পর্কের অবনতি ঘটে। এরই ধারাবাহিকতায় এবার কূটনৈতিক সম্পর্ক ছিন্নের সিদ্ধান্ত নিল আলজেরিয়া।

LENS ASIA

এ বিষয়ে ইউএই সরকারের সরাসরি কোনো প্রতিক্রিয়া পাওয়া যায়নি। তবে দেশটির প্রেসিডেন্টের কূটনৈতিক উপদেষ্টা আনোয়ার গারগাশ সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে দেওয়া এক পোস্টে বলেন, কূটনৈতিক সম্পর্ক কোনো অস্পষ্ট সংকেত বা ধাঁধার ওপর নির্ভর করে না। এর ভিত্তি হলো যুক্তিবোধ, যোগাযোগ এবং স্বার্থের বিষয়ে স্পষ্টতা।

তিনি আরও বলেন, সফল কূটনীতির জন্য পারস্পরিক বোঝাপড়া, স্বার্থ ও মতপার্থক্য ব্যবস্থাপনা জরুরি। অস্পষ্টতা কোনো নীতি হতে পারে না এবং দৃষ্টিভঙ্গির ঘাটতি কথার বাড়াবাড়ি দিয়ে পূরণ করা যায় না।

গারগাশের পোস্টে আলজেরিয়ার নাম সরাসরি উল্লেখ করা হয়নি। তবে আলজেরিয়ার সম্পর্ক ছিন্নের ঘোষণার পরপরই তার এই বক্তব্য সামনে আসে।